দৈনিক বাংলা

তারিখ 17 JUN 1987
পৃষ্ঠা ... কলাম 1

২রা আষাঢ় ১৩৯৪ বাং

দৈনিক বাংলা

ঢাকা : বুধবার, ২রা আষাঢ়, ১৩৯৪ : ১৭ই জুন, ১৯৮৭

# শিক্ষকদের পদত্যাগ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ঘটনার বিস্তারিত বিবরণ আমাদের জানা নেই: বিস্তারিত কিছু জানা নেই জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ঘটনা সম্পর্কেও। তবে দুটি ঘটনার প্রতিক্রিয়া একই এবং ঘটনা দুটির মধ্যে সাদৃশ্যও বর্তমান। কৃষি বিশ্ববিদ্যালয়ে চব্বিশজন এবং জাহাঙ্গীরনগরে তেরোজন শিক্ষক পদত্যাগ করেছেন। পদত্যাগের কারণ কার্যত কতিপয় শিক্ষার্থীর আচরণের প্রতিবাদ।

গোড়াতেই বলেছি, ঘটনার বিস্তারিত এখনো আমাদের জানা নেই। যেটুকু জানি তার পুনরুল্লেখেও আগ্রহী নই। বিশেষত শিক্ষকরা পেশায় স্থিত ছোপোষা মানুষ—হুট করে পথে বসার মতো শখ তাদের থাকার কথা নয়। নয় বলেই অনেক প্রতিকূলতার মোকাবিলা করে ওরা নামকাওয়াস্তে হলেও শিক্ষা-কার্যক্রম ঠেলে নিয়ে চলছিলেন। এটুকুতেও বাধা পড়া কিংবা শিক্ষকদের এভাবে সব ছেড়ে-ছুড়ে দেবার প্রয়াস যে পরিস্থিতির ইঙ্গিত বহন করে, সে নিয়ে পরিতাপ প্রকাশের ভাষাও আমাদের জানা নেই।

বিষয়টি নিয়ে নাড়াচাড়া করলে এ ধরনের জিজ্ঞাসার উদ্ভব ঘটতেই থাকবে। মাথা কোটায় মুক্তি নেই। আমরা তাই মনে করি, সময় এসেছে সরাসরি কথা বলার। আর ক্ষমতা কিংবা দায়িত্বে নিযুক্তদের সঙ্গে আমাদের প্রত্যেককে অন্তত প্রতিটি অভিভাবককে পরিষ্কারভাবে বলতে হবে আমরা কি চাই—আর কতোটা সইতে পারি। শিক্ষার্থীদের সুস্পষ্ট জানিয়ে দিতে হবে কি তাদের করণীয়। শিক্ষাঙ্গনে দাপট কায়েম করে কয়েকটি বছর দিব্যি আরামে কাটিয়ে দেয়া কিংবা যেনতেনপ্রকারেণ একটা কিছু সনদ হাতিয়ে নেয়ার মুক্তি কিংবা কল্যাণের কিছু নেই। শিক্ষা জীবন যথাযথ যাপন করে শিক্ষা গ্রহণের মাধ্যমেই তারা নিজেদের প্রস্তুত করতে পারেন জীবনের মোকাবিলার জন্যে।

শিক্ষার বিকল্প সনদ নয়। আর শিক্ষার পয়লা শর্ত শিক্ষার পরিবেশ, সে পরিবেশের নিয়ামক শিক্ষক-শিক্ষার্থী সম্পর্ক। আমরা সনাতন যুগের নজীর টানতে চাই না, কিন্তু এ সম্পর্কের ন্যূনতম দাবী মেটানো সকল যুগের জন্যেই আবশ্যক। শিক্ষার্থী সমাজকে অবশ্যই এসত্য অনুধাবন করতে হবে. তাদের আচরণকে একটা বাঞ্ছিত সীমায় সুশৃংখল করে তুলতে হবে। শিক্ষকদেরও দায়িত্ব আছে. ভুল-বিচ্যুতি তাদেরও ঘটে থাকে। তবে তা আলোচনার উপলক্ষ্য জাহাঙ্গীরনগর আর কৃষি বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি নয়। আমরা আশা করবো, সংশ্লিষ্ট সকলের সম্মিলিত প্রয়াসে বর্তমান সংকটের নিরসন ঘটবে এবং এ ধরনের ঘটনার যাতে পুনরাবৃত্তি না ঘটে সে বিষয়ে যত্নবান হবেন সকল মহল।